Subject: Sociology

Semester IV Generic Elective/DSC 04 Methods of Sociological Enquiry

Unit: 3 Modes of Inquiry

নিরীক্ষামূলক গবেষণার বিভিন্ন রূপ/ ধরন/প্রকার গুলি কি কি তা আলোচনা কর ?

তথ্য সংগ্রহের পদ্ধতির ওপর বিচার করে নিরীক্ষামূলক গবেষণাকে চারটি ভাগে ভাগ করা যায়। সেগুলি হলো—(ক) গোষ্ঠী নিরীক্ষা (Group Survey), ডাকযোগে নিরীক্ষা (Mail Survey), মুখোমুখি সাক্ষাৎকার (Face to Face Interview) এবং দূরভাষ নিরীক্ষা (Telephone Survey)। নীচে প্রতিটি ধরণ অতি সংক্ষেপে আলোচিত হল—

- (ক) গোষ্ঠী নিরীক্ষা (Group Survey) : এই ধরণের নিরীক্ষায় কোনো গোষ্ঠীর কাছ থেকে একই সময়ে এবং একই স্থানে প্রশ্নমালা দিয়ে উত্তর সংগ্রহ করা হয়। জাতভিত্তিক আন্দোলনের সাথে যুক্ত নেতৃবর্গ, কোনো পেশাদারী সংস্থার কর্মীবৃন্দ এইরকম গোষ্ঠী নিরীক্ষার উদাহরণ হতে পারে। সমাজ গবেষক নিজে ঐ গোষ্ঠীর মধ্যে উপস্থিত থেকে এটি নিশ্চিত করেন যে গোষ্ঠীর সদস্যরা প্রশ্নমালার প্রয়োজনীয় নির্দেশ অনুযায়ী তথ্য লিপিবদ্ধ করছে। যদি কোনো প্রশ্ন সম্পর্কে ঐ গোষ্ঠীর কোনো সদস্যের মনে সংশয় থাকে, তাহলে গবেষক নিজে তার সাথে কথা বলে তার সংশয় দূর করার চেষ্টা করেন। তবে Therese Baker গোষ্ঠী নিরীক্ষার ক্ষেত্রে কতকণ্ডলি বিষয়ে সতর্ক থাকতে বলেছেন। তাঁর বক্তব্য হল এই ধরণের নিরীক্ষা চালানোর জন্য প্রয়োজন হল আন্তরিক (serious) একটি পরিবেশ যেখানে উত্তরদাতা বিষয়গতভাবে (objectively) প্রশ্নমালাটি পূরণ করবে। উত্তরদাতা যদি হালকা ভাবে গোটা বিষয়টিকে নেয়, তাহলে তথ্য সংগ্রহের উদ্দেশ্যই ব্যাহত হবে। সূতরাং এই ধরণের নিরীক্ষায় গবেষককে বিশেষভাবে সতর্ক থাকতে হয় এবং সক্রিয় ভূমিকা নিতে হয় যাতে তথ্য সংগ্রহের কাজটি সফল হয়। অনেক সময় দেখা যায় যে, যেহেতু উত্তরদাতারা একসাথে এক জায়গায় বসে উত্তর দেয়, তাই এই ধরণের নিরীক্ষায় উত্তর প্রাপ্তির সম্ভাবনা অনেক বেশী থাকে। কারণ উত্তরদাতা একা থাকলে সে উত্তরদানের ব্যাপারে এড়িয়ে যেতে পারে। তাছাড়া এই ধরণের নিরীক্ষার এক জায়গায় সবাইকে পেয়ে যাওয়ার ফলে তথ্য সংগ্রহের ক্ষেত্রে খরচ যেমন অনেক কমে যায়, ঠিক তেমনই সময়ও সাশ্রয় হয়।
- (খ) ডাকযোগে নিরীক্ষা (Mail Survey) : এই ধরণের পদ্ধতিতে স্ব-প্রযুক্ত প্রশ্নমালা (Self-administered questionnaire) এর সাহায্যে নমুনার অন্তর্ভুক্ত উত্তরদাতাদের কাছে থেকে তথ্য সংগ্রহ করা হয়ে থাকে। Therese Baker মন্তব্য করেছেন যে, এই প্রক্রিয়ায় প্রশ্নমালা ডাক যোগে উত্তরদাতার কাছে পাঠানো হয়ে থাকে। প্রশ্নমালার সাথে থাকে নির্দেশাবলী (instructions), আবৃত চিঠি (cover letter) এবং সমাজ গবেষকের ঠিকানা উল্লেখ করে ডাক টিকিট সাঁটা ফিরতি খাম (return self-addressed and stamped envelope)। আশা করা হয় যে উত্তরদাতা নির্দেশাবলী পাঠ করে প্রশ্নমালা পূরণ করে খামের মধ্যে প্রশ্নমালাটি ভরে ডাকযোগে ফেরৎ পাঠাবে। যে আবৃত চিঠির কথা এখানে বলা হয়েছে, সেখানে গবেষক নিজ পরিচয়, তাঁর গবেষণার বিষয় এবং উদ্দেশ্যের কথা উল্লেখ করে উত্তরদাতাকে প্রশ্নমালা পূরণ করে ডাক যোগে ফেরৎ পাঠানোর কথা বলেন। যেহেতু এই ধরণের তথ্য সংগ্রহ পদ্ধতিতে উত্তরদাতা সমাজ গবেষকের সামনে উপস্থিত থাকে না, তাই উত্তর প্রাপ্তি সুনিশ্চিত করতে গবেষক উত্তরদাতাদের গোপনীয়তা রক্ষার আশ্বাস দেন।